বিজিএ/মেম্বারশীপ/২০২৬ সংশোধীত/ ২৪৩

৯ সেপ্টেম্বর ২০২৬

## সম্মানিত সকল সদস্যদের জন্য

বিষয়ঃ সদস্যপদ সংক্রান্ত বোর্ড সিদ্ধান্ত বাস্তবায়ন।

দেশের তৈরি পোশাক শিল্পখাতকে আরও টেকসই ও সুসংগঠিত করার লক্ষ্যে বিজিএমইএ পরিচালনা পর্ষদ (২০২৫-২০২৭) এর ১৩ মে ২০২৬ তারিখে অনুষ্ঠিত ৮ম জরুরি বোর্ড সভায় গৃহীত সিদ্ধান্তের প্রেক্ষিতে বিজিএ/মেম্বারশীপ/২০২৬/১৭০ তারিখঃ ৩০ জুন ২০২৬ সূত্রে উল্লেখিত বিজ্ঞপ্তির ১ নম্বর সিদ্ধান্তের বিষয়ে গত ৯ আগষ্ট ২০২৬ এ অনুষ্ঠিত ৬ষ্ঠ নিয়মিত বোর্ড সভায় নিম্নোক্ত সংশোধনী অবিলম্বে কার্যকর করা হলো।

| | অস্থায়ী (নতুন) সদস্যপদ নম্বর প্রদান (পূর্বের সিদ্ধান্ত) | অস্থায়ী (নতুন) সদস্যপদ নম্বর প্রদান (সংশোধীত সিদ্ধান্ত) |
|---|---|---|
| ১ | নতুন সদস্যপদের আবেদনকারীদের জন্য এখন থেকে একটি অস্থায়ী সদস্যপদ নম্বর প্রদান করা হবে। অস্থায়ী সদস্যপদের প্রাথমিক মেয়াদ হবে ২(দুই) মাস, যা প্রয়োজনে সর্বোচ্চ ৬ (ছয়) মাস পর্যন্ত বর্ধিত করা যেতে পারে। নির্ধারিত সময়ের মধ্যে স্থায়ী সদস্যপদ গ্রহণে ব্যর্থ হলে অস্থায়ী সদস্যপদ স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে। এ ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে পুনরায় নতুনভাবে সদস্যপদের জন্য আবেদন করতে হবে। | ৮ম জরুরি বোর্ড সভার সিদ্ধান্ত অনুযায়ী আংশিক সংশোধনপূর্বক, নতুন সদস্যপদের জন্য "অস্থায়ী সদস্যপদ নম্বর" প্রদানের নীতি বাতিল করে পূর্বের ন্যায় নিয়মিত সদস্যপদ নম্বর প্রদান করা হবে। অস্থায়ী সদস্যপদের প্রাথমিক মেয়াদ হবে ২(দুই) মাস, যা প্রয়োজনে সর্বোচ্চ ৬ (ছয়) মাস পর্যন্ত বর্ধিত করা যেতে পারে। ৬ (ছয়) মাসের মধ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান স্থায়ী সদস্যপদ গ্রহণ না করলে চিঠি পাঠিয়ে নির্দিষ্ট সময়সীমা প্রদান করা হবে এবং উক্ত সময়ের মধ্যে স্থায়ী সদস্যপদ গ্রহণে ব্যর্থ হলে বা জবাব না দিলে প্রাথমিক সদস্যপদ বাতিল করা হবে। |

উপরোক্ত সংশোধীত সিদ্ধান্ত সকল সদস্যদের অবগতির ও পরবর্তী কার্যক্রমের জন্য প্রেরন করা হলো।

ধন্যবাদান্তে,

মেজর জেনারেল ড. মোঃ সাহেদুল ইসলাম (অবঃ)
মহা-সচিব